জনগণের রায় বাস্তবায়নে কাজ করছে সরকার: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সাম্প্রতিক নির্বাচনের মাধ্যমে জনগণ বিএনপির ওপর দেশের দায়িত্ব অর্পণ করেছে এবং সরকার সেই প্রত্যাশা পূরণে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, জনগণের দেওয়া ম্যান্ডেট অনুযায়ী আগামী পাঁচ বছরে নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নই সরকারের প্রধান লক্ষ্য।

বুধবার (১৭ জুন) মৌলভীবাজারে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচিতে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন। এ সময় তিনি সরকারের উন্নয়ন কার্যক্রম ও জনকল্যাণমূলক উদ্যোগের বিভিন্ন দিক তুলে ধরেন।

তারেক রহমান বলেন, দেশের মানুষ শান্তি, স্থিতিশীলতা ও উন্নয়ন চায়। সরকারও সেই লক্ষ্য নিয়েই কাজ করছে। যারা জনগণের রায়ের বিরুদ্ধে অবস্থান নিতে চায় বা সরকারকে কাজের সুযোগ না দেওয়ার কথা বলে, তাদের বিষয়ে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, অতীতেও বিভিন্ন সময়ে বিএনপির বিরুদ্ধে রাজনৈতিক বাধা ও ষড়যন্ত্রের চেষ্টা হয়েছে। গণতন্ত্র ও ভোটাধিকারের প্রশ্নে যারা বিরোধিতা করেছে, তাদের একটি অংশ এখনও একই ধরনের অবস্থান ধরে রেখেছে বলে মন্তব্য করেন তিনি।

প্রধানমন্ত্রী আরও বলেন, সরকারের বিভিন্ন কর্মসূচি সাধারণ মানুষের জীবনমান উন্নয়নের জন্য বাস্তবায়ন করা হচ্ছে। যারা এসব উদ্যোগের বিরোধিতা করে, তারা মূলত জনগণের স্বার্থের বিপরীতে অবস্থান নেয় বলেও মন্তব্য করেন তিনি।

বিএনপির রাজনীতির মূল শক্তি জনগণ উল্লেখ করে তারেক রহমান বলেন, দীর্ঘ আন্দোলন-সংগ্রাম এবং জনগণের সমর্থনের ধারাবাহিকতায় দলটি সরকার গঠনের সুযোগ পেয়েছে। তিনি বলেন, নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতিগুলো এখন শুধু দলের নয়, বরং দেশের সংখ্যাগরিষ্ঠ মানুষের প্রত্যাশা ও অঙ্গীকারে পরিণত হয়েছে।